

যুব উন্নয়ন অধিদপ্তরে বেসরকারি স্বেচ্ছাসেবী যুবসংগঠনের তালিকাভুক্তির নিয়মাবলীঃ

- (১) প্রত্যেক আবেদনকারী বেসরকারী স্বেচ্ছাসেবী যুবসংগঠন তালিকাভুক্তির জন্য নির্ধারিত ফরমে যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বরাবর আবেদন করবেন।
- (২) আবেদনপত্রের সাথে গঠনতন্ত্র অনুমোদনকারী সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি এবং কার্যনির্বাহী কমিটি কর্তৃক অনুমোদিত কার্যবিবরণীর ৩(তিন) কপি করে সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। মোট সদস্যসংখ্যা উল্লেখ করতঃ কতজন সদস্য/সদস্যা দ্বারা গঠনতন্ত্র ও কার্যনির্বাহী কমিটি অনুমোদিত হয়েছে কার্যবিবরণীতে তার সুস্পষ্ট উল্লেখ করতে হবে। উল্লেখ্য, মোট সদস্যসংখ্যার ৩/৪ বা ২/৩ অংশ দ্বারা অবশ্যই গঠনতন্ত্র ও কার্যনির্বাহী কমিটি অনুমোদিত হতে হবে (তবে কার্যনির্বাহী কমিটি ব্যালট ভোটের মাধ্যমে নির্বাচিত হলে কার্যবিবরণীর অনুলিপি প্রয়োজন হবে না)
- (৩) আবেদনকারী যুবসংগঠনের কার্যনির্বাহী এবং সাধারণ পরিষদের সদস্য এবং সদস্যদের নাম, পেশা, বর্তমান/স্থায়ী ঠিকানা এবং স্বাক্ষরসহ নামের তালিকা ৩(তিন) কপি দাখিল করতে হবে।
- (৪) প্রতিষ্ঠা সদস্য/সদস্যদের অতীত সমাজ সেবামূলক কাজের বিবরণী প্রদান করতে হবে (যদি থাকে)।
- (৫) যুব সংগঠনের নিজস্ব জায়গা থাকলে তার দলিল পত্রাদির সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে। যুব সংগঠনের প্রধান কার্যালয় নিজস্ব সম্পত্তির উপর অবস্থিত হলে তার মূল দলিল এবং হালনাগাদ খাজনা পরিশোধ রশিদের সত্যায়িত কপি এবং ভাড়া বাড়ীতে হলে সেক্ষেত্রে চুক্তিপত্রের ২(দুই) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (৬) যুবসংগঠনের তথা সংস্থার নামে পরিচালিত ব্যাংক হিসাবের সনদপত্রের সত্যায়িত ৩(তিন) কপি দাখিল করতে হবে।
- (৭) যুবসংগঠনের নিজস্ব প্যাডে যুবসংগঠনের বর্তমান ও ভবিষ্যত কার্যক্রম পৃথক পৃথকভাবে উল্লেখপূর্বক ৩(তিন) কপি দাখিল করতে হবে।
- (৮) আবেদনপত্রের সাথে যুবসংগঠনের গঠনতন্ত্রের সত্যায়িত ৩(তিন) কপি দাখিল করতে হবে।

গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত বিষয়সমূহঃ

- ক) যুবসংগঠনের নাম ও পূর্ণাঙ্গ ঠিকানা সহ কর্মপ্রাঙ্গণ এবং লক্ষ্য ও উদ্দেশ্য।
- খ) ন্যূনতম সদস্য/সদস্যের সংখ্যা, চাঁদার হার, পদের যোগ্যতা ও অযোগ্যতা, সদস্যের শ্রেণীবিভাগ এবং সদস্যপদ বাতিল ও পুনরুদ্ধারের বিধি।
- গ) বিভিন্ন ধরনের কমিটি/পরিষদের প্রকারভেদ, গঠনপ্রণালী, কার্যবিধি ও মেয়াদ, কমিটি/পরিষদের কর্মকর্তাদের ক্ষমতা ও কার্যাবলী।
- ঘ) সভার শ্রেণীবিভাগ, সভা আহ্বান ও নোটিশের মেয়াদ এবং কোরাম, তলবী সভার বিস্তারিত বিবরণ ও অনাস্থা প্রস্তাব।
- ঙ) নির্বাহী পরিষদ এবং সাধারণ পরিষদের নির্বাচন পরিচালনার নিয়মাবলী।
- চ) আয়ের উৎস ও অর্থ খরচের বিধি, ব্যাংকের হিসাব পরিচালনার নিয়মাবলী।

ছ) গঠনতন্ত্রের পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমোদন প্রয়োজন হবে।

জ) যুবসংগঠনের বিলুপ্তি সংক্রান্ত বিধি।

ঝ) জাতীয় ভিত্তিক যুবসংগঠনগুলোর জেলা ও উপজেলা পর্যায়ে অনেক শাখা রয়েছে। এ শাখা যুব সংগঠনগুলোর কেন্দ্রীয় কার্যালয়ের সাথে প্রশাসনিক ও অর্থনৈতিক যোগসূত্র কিরূপ, তা আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।

ঞ) আবেদনকারী স্বেচ্ছাসেবী যুবসংগঠন কোন কেন্দ্রীয় যুবসংগঠনের শাখা সংগঠন হলে সেক্ষেত্রে কেন্দ্রীয় যুবসংগঠনের প্রত্যায়নপত্র সংযুক্ত করতে হবে।

(৯) যাবতীয় সংযোজনী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত হবে।

(১০) আবেদনকারী যুবসংগঠনকে যুব উন্নয়ন অধিদপ্তরের বেসরকারী স্বেচ্ছাসেবী যুবসংগঠনের তালিকাভুক্তির নিয়মাবলী সংক্রান্ত একটি পূরনকৃত ফরম সংযুক্ত করতে হবে।

(১১) আবেদনকারী স্বেচ্ছাসেবী যুবসংগঠনকে যুব উন্নয়ন অধিদপ্তরের বেসরকারী স্বেচ্ছাসেবী যুবসংগঠনের তালিকাভুক্তি সংক্রান্ত নিয়মাবলীর ফরম সরবরাহ করে সংশ্লিষ্ট যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয় আবেদনকারী স্বেচ্ছাসেবী যুবসংগঠন পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং ফরম সরবরাহের ০৭(সাত) দিনের মধ্যে তালিকাভুক্তির পদক্ষেপ গ্রহণ করবেন।

(১২) আবেদনকৃত স্বেচ্ছাসেবী যুবসংগঠনের তালিকাভুক্তির কার্যসম্পাদনের পর যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা নির্ধারিত ছকে যুবসংগঠনকে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক তালিকাভুক্তি করা হয়েছে এ মর্মে একটি প্রত্যায়নপত্র প্রদান করবে